

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহি রহমানির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু: "আল্লাহ মানুষকে অসিয়ত (নির্দেশ) করেছেন।"

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৫)

وَوَصَّيْنَا الْإِنْسَانَ بِوَالِدَيْهِ إِحْسَانًا

আমরা মানুষকে অসিয়ত (নির্দেশ) করেছি তার পিতা মাতার প্রতি সদয় আচরণ করতে।

(সূরাঃ আল-আহকাফ ৪৬:১৫)

حَمَلَتْهُ أُمُّهُ كُرْهًا وَوَضَعَتْهُ كُرْهًا

তার মা তাকে গর্ভে ধারণ করেছে কষ্টের সাথে, প্রসব করেছে কষ্টের সাথে। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৫)

وَحَمَلُهُ وَفِصْلُهُ ثَلَاثُونَ شَهْرًا

তাকে গর্ভে ধারণ করতে এবং বুকের দুধ ছাড়াতে লেগেছে ত্রিশ মাস। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৫)

حَتَّىٰ إِذَا بَلَغَ أَشُدَّهُ وَبَلَغَ أَرْبَعِينَ سَنَةً

তারপর সে যখন সুঠাম দেহ পৌঁছে এবং উপনীত হয় চল্লিশ বছরে। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৫)

Click here <http://www.morningbrightness.fi/>

قَالَ رَبِّ أَوْزِعْنِي أَنْ أَشْكُرَ نِعْمَتَكَ الَّتِي أَنْعَمْتَ عَلَيَّ وَعَلَىٰ وُلْدِي

তখন সে বলে, আমার প্রভু! আমাকে তৌফিক দাও, আমি যেন তোমার অনুগ্রহের কৃতজ্ঞতা প্রকাশ করতে পারি, যে অনুগ্রহ তুমি করেছো আমার প্রতি এবং আমার পিতা মাতার প্রতি । (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৫)

وَأَنْ أَعْمَلَ صَالِحًا تَرْضَاهُ

আমাকে এমন আমলে সালেহ করার তৌফিক দাও, যাতে তুমি সন্তুষ্ট হবে । (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৫)

وَأَصْلِحْ لِي فِي ذُرِّيَّتِي

আর আমার জন্যে আমার সন্তানদের সং ও যোগ্য করে গড়ে তোলো । (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৫)

إِنِّي تَوَكَّلْتُ عَلَىٰكَ

আমি তোমার দিকে তাওবা (মুখ ফেরালাম) করলাম । (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৫)

وَإِنِّي مِنَ الْمُسْلِمِينَ

আমি মুসলমানদের (আত্মসমর্পণকারী) অন্তর্ভুক্ত হলাম । (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৫)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৬)

أُولَئِكَ الَّذِينَ نَتَقَبَّلُ عَنْهُمْ أَحْسَنَ مَا عَمِلُوا

এরাই সেই সব লোক আমরা যাদের উত্তম আমলসমূহ কবুল করবো। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৬)

وَنَتَجَاوَزُ عَنْ سَيِّئَاتِهِمْ

এবং তাদের মন্দ কাজগুলো ক্ষমা করে দেবো। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৬)

فِي أَصْحَابِ الْجَنَّةِ

এবং তাদের অন্তর্ভুক্ত করবো জান্নাতের অধিবাসীদের। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৬)

وَعَدَ الصِّدْقِ الَّذِي كَانُوا يُوعَدُونَ

তাদের যে ওয়াদা দেয়া হলো তা সত্য ওয়াদা। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৬)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৭)

وَالَّذِي قَالَ لَوْلِدِي أَفٍّ لَّكُمَا

(আর এমন লোকও আছে) যে তার পিতা মাতাকে বলে উহ (তোমাদের জ্বালাতনে আর বাচলাম না)।

(সূরাঃ আল-আহকাফ ৪৬:১৭)

أَتَعِدَانِي أَنْ أُخْرَجَ

তোমরা কি আমাকে এই ভয় দেখাতে চাও যে, আমি পুনরুত্থিত হবো। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৭)

وَقَدْ خَلَّتِ الْقُرُونُ مِنْ قَبْلِي

যদিও আমার আগে বহু প্রজন্ম গত হয়েছে। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৭)

وَهُمَا يَسْتَغِيثَانِ اللَّهَ

তখন তার মাতা-পিতা আল্লাহর কাছে ফরিয়াদ করে বলে। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৭)

وَيْلَكَ ءَامِنٌ

দুর্ভোগ তোমার, তুমি ঈমান আনো। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৭)

إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ

নিশ্চয়ই আল্লাহর ওয়াদা সত্য। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৭)

فَيَقُولُ مَا هَذَا إِلَّا أَسْطِيرُ الْأَوَّلِينَ

তখন সে বলে, এতো আগেকার কালের কাহিনী ছাড়া আর নয়। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৭)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৮)

أُولَئِكَ الَّذِينَ حَقَّ عَلَيْهِمُ الْقَوْلُ فِي أُمَمٍ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِمْ مِنَ الْجِنَّ وَالْإِنْسِ

এদের আগে যে জীন ও মানবগোষ্ঠী গত হয়েছে তাদের মত যাদের প্রতিও আল্লাহর বাণী সত্য হয়েছে।

(সূরাঃ আল-আহকাফ ৪৬:১৮)

إِنَّهُمْ كَانُوا خَسِرِينَ

নিশ্চয়ই এরা হবে ক্ষতিগ্রস্ত। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৮)

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৯)

وَلِكُلِّ دَرَجَاتٍ مِمَّا عَمِلُوا

প্রত্যেকের মর্যাদা নির্ধারিত হবে তার আমল অনুযায়ী। (সূরাঃ আল-আহকাফ ৪৬:১৯)

وَلِيُؤْفِيَهُمْ أَعْمَلَهُمْ وَهُمْ لَا يُظْلَمُونَ

প্রত্যেকের আমলের পূর্ণ প্রতিফল দেয়া হবে এবং তাদের প্রতি কোনো প্রকার জুলুম করা হবে না।

(সূরাঃ আল-আহকাফ ৪৬:১৯)

সুতরাং প্রিয় ভাই ও বোনো, আসুন আমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত না হই। আমরা আমাদের আমল সहीহ করে নেই।

আল্লাহ আমাদের সহায় হোন।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু